# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

## CLASS - VI (2024-25)

## H.O.T.S. Test

## Subject – Bengali

**Time: 40 minutes** **F.M: 16 marks**

---

**ব্যাকরণ**

সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:- (১)

১) "শহরে **উঁচু উঁচু ফ্ল্যাটবাড়িগুলি** ওঠার জন্য গাছের সংখ্যা অনেক কমে গিয়েছে।"

মন্তব্য: উপরিউক্ত বাক্যে দাগ দেওয়া অংশটি একটি সঠিক বহুবচনের উদাহরণ।

কারণ: আমরা জানি যে বিশেষণ পদকে পাশাপাশি দুবার বসিয়ে বহুবচন করা হয়।

(i) মন্তব্য ঠিক ও কারণ ভুল।

(ii) মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

(iii) মন্তব্য ভুল ও কারণ ঠিক।

(iv) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

নির্দেশ অনুসারে উত্তর দাও:- (১x৫=৫)

২) উভয়লিঙ্গ বোঝায় এমন একটি শব্দ দিয়ে বাক্য গঠন করে দেখাও।

৩) কোনো পুংলিঙ্গবাচক শব্দের সঙ্গে "বতী/মতী" যোগ করে কিভাবে স্ত্রীলিঙ্গ করা যেতে পারে তার একটি উদারণ দাও ও সেই স্ত্রীলিঙ্গবাচক শব্দ দিয়ে একটি বাক্য গঠন করে দেখাও।

৪) "শহরাঞ্চলে বহু ধনি লোকের বসবাস দেখা যায়।"

- উপরিউক্ত বাক্যটির মধ্য থেকে বানান সংক্রান্ত ভুল খুঁজে বের করে তা সংশোধন করে দেখাও এবং সঠিক শব্দের অর্থ লেখো।

৫) নিচের দাগ দেওয়া পদটির বচন নির্ণয় করো:-

*গ্রন্থাগারে আমরা বিভিন্ন বিষয় সংক্রান্ত **বইপত্রের** সন্ধান পাই।*

৬) বাক্য গঠনের মধ্যে দিয়ে অর্থের পার্থক্য দেখাও:-

(i) কুল

(ii) কূল

**সাহিত্য**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:- (১০)

৭) 'পাখির ফাঁকি' কবিতাটি পাঠ করে তুমি এই কবিতার মাধ্যমে শিক্ষা লাভ করতে পেরেছো, এমন দুই-তিনটি বিষয় সম্পর্কে উল্লেখ করো ও তোমার ব্যক্তিগত জীবনে সেই শিক্ষা কিভাবে কাজে এসেছে তা লেখো। (৩)

৮) ‘পাখির ফাঁকি’ কবিতায় ‘চাষি’ চরিত্রটি তোমার কাছে কেমন লেগেছে তা কারণসহ লেখো। (২)

৯) ‘এ ধনরাশির লোভ কে সম্বরণ করিবে?’ - প্রফুল্লর কেন মনে হয়েছিল যে এই ধনরাশির লোভ সম্বরণ করা কারোর পক্ষে সম্ভব নয়? (২)

১০) ডাকাত সর্দার হয়েও প্রফুল্লের প্রতি ভবানী পাঠকের যে আচরণ গল্পে প্রকাশ পেয়েছে তা তোমার নিজের ভাষায় ব্যক্ত করো। (৩)